

বই পড়ি, স্বদেশ গড়ি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
শাহবাগ, ঢাকা।  
www.publiclibrary.gov.bd, Fax # 58611775

নং-৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.

তারিখঃ-----

**মহান বিজয় দিবস ২০১৮ উপলক্ষে রচনা ও বইপাঠ প্রতিযোগিতা।**

মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা ও বইপাঠ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক্র.নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	বিজয় দিবসের আনন্দ	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	মুক্তিযুদ্ধে যুব সমাজের ভূমিকা	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	গ্রাম বাংলায় মুক্তিযুদ্ধ	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	বাংলা চলচ্চিত্রে মুক্তিযুদ্ধ	১৮০০

রচনা ও বইপাঠ প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা অফিসে এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। বইপাঠ প্রতিযোগিতার ফরম সংশ্লিষ্ট গণগ্রন্থাগার থেকে সংগ্রহ করে ঐ গণগ্রন্থাগারেই জমা দিতে হবে এবং বইপাঠ প্রতিযোগিতার ক্ষেত্রে পঠিত বইসমূহ সংশ্লিষ্ট গণগ্রন্থাগারের হতে হবে। রচনা ও পূরণকৃত বইপাঠ প্রতিযোগিতার ফরম জমা দেয়ার শেষ তারিখ ২৬.১২.২০১৮।

**শর্তাবলী :**

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

(আশীষ কুমার সরকার)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৬৭১২৩৪

e-mail:dg.dpl.2012@gmail.com